126

দৈনিক ইত্তেফাক

তারিখ 04 NOV 1992
পৃষ্ঠা ... কলাম ...

## প্রেসনোট

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রেসনোটের বরাত দিয়া বাসস জানায় ঃ গতকাল মঙ্গলবার চট্টগ্রামের মীরশরাই কলেজে নবাগত সম্বর্ধনা অনুষ্ঠানে অংশ-গ্রহণকালে দুইদল ছাত্র সংঘর্ষে লিপ্ত হয়। ইহাতে জাতীয়তাবাদী ছাত্রদলের একজন ছাত্র মারাত্মকভাবে আহত হয়। ঘটনার প্রতিবাদে ক্ষুব্ধ দলটি গতকাল সকালে চট্টগ্রাম-ঢাকা মহাসড়কে প্রতিবন্ধকতা স্থাপন করে। স্থানীয় (শেষ পৃঃ দ্রঃ)

## প্রেসনোট

(প্রথম পৃঃ পর)

প্রশাসনের অনুরোধে পরে প্রতিবন্ধকতা অপসারণ করা হয়। কিন্তু ছাত্রদলের ছাত্রদের অপর দলটি দুই মাইল দূরবর্তী নিজামপুর কলেজের সঙ্গীদের লইয়া গাছের বড় বড় গুঁড়ি মহাসড়কে ফেলিয়া রাস্তায় পূর্ণ অবরোধ সৃষ্টি করে। জেলা প্রশাসনের অনুরোধ-উপরোধ সত্ত্বেও অবরোধ সরাইয়া ফেলা হয় নাই। বরং ছাত্ররা আরও মারমুখী হইয়া উঠে এবং কর্তব্যরত আইন প্রয়োগকারী সংস্থার উপর হামলা চালায়। পুলিশ জনতাকে ছত্রভঙ্গ করিতে কাঁদানে গ্যাস ব্যবহার ও লাঠিচার্জ করে। তাহারা রাস্তা পরিষ্কার করার চেষ্টা করাকালে উচ্ছৃঙ্খল জনতার মধ্য হইতে তাহাদের প্রতি গুলীবর্ষণ করা হয়। যেহেতু পরিস্থিতি নিয়ন্ত্রণের বাহিরে চলিয়া যাইতেছিল এবং আইন প্রয়োগকারী সংস্থার লোকদের উপর আগ্নেয়াস্ত্রের হামলা চালানো হয়, সেই অবস্থায় উচ্ছৃঙ্খল জনতাকে ছত্রভঙ্গ করার জন্য গুলী চালাইতে কর্তব্যরত ম্যাজিস্ট্রেট নির্দেশ দেন। এই হাঙ্গামায় ৫ ব্যক্তি আহত হয়। তন্মধ্যে দুইজনের অবস্থা গুরুতর। আহত ব্যক্তিদের চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। এই রিপোর্ট লিখিবার সময় ঘটনাস্থল হইতে সড়ক অবরোধ সরানো হয় নাই এবং তথায় উত্তেজনা বিরাজ করিতেছিল। জেলা প্রশাসন পরিস্থিতি নিয়ন্ত্রণে আনিবার এবং সড়ক অবরোধ সরাইবার প্রচেষ্টা চালাইতেছিলেন।